# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ৫৪ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
তারিখ : ১২-১০-২০২৩ খ্রিঃ ।
সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন।তিনি রবিউল আউওয়াল মাসের মহিমা আলোচনা করেন ।তিনি সবাইকে দুর্গা পূজার অগ্রিম শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

শোকপ্রস্তাব:- সভার শুরুতে অদ্য সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান, বিগত ০৭/১০/২০২৩ তারিখ খাদিম চা বাগান এলাকায় অতিবৃষ্টির কারণে পাহাড় ধ্বসে অর্চনা রানী নামে ৬ষ্ঠ শ্রেনীর একজন ছাত্রীর মৃত্য হয়েছে ।তিনি তাঁহার অকাল মৃত্যতে গভীর শোক প্রকাশ করেন এবং গভীর সমবেদনা জ্ঞাপন করেন । তিনি অদ্য সভায় একটি শোক প্রস্তাব গ্রহনের প্রস্তাব করেন ।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, বিগত ০৭/১০/২০২৩ তারিখ খাদিম চা বাগান এলাকায় অতিবৃষ্টির কারণে পাহাড় ধ্বসে মৃত্যবরনকারী অর্চনা রানীর পরিবারকে নগদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে ।তিনি তাঁর আত্মার শান্তি কামনা করেন ।

সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে শোকপ্রস্তাব গৃহীত হয়, তাঁর আত্মার শান্তি কামনা করা হয় । অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান । অতপর সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের প্রাথমিক কার্যক্রম চলমান।<br>তিনি আরোও জানান, সম্প্রতি অতিরিক্ত বৃষ্টিপাতে ক্ষতিগ্রস্থ রাস্তার তালিকা করা হয়েছে এবং জরুরী কিছু মেরামত করা হয়েছে, তালিকা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে ।<br>আলোচনাকালে ৩নং খাদিমনগর ইউপি চেয়ারম্যান লাউগুল রাস্তা ক্ষতিগ্রস্থ অংশ মেরামতের ব্যবস্থা গ্রহনের প্রস্তাব করেন ।<br><br>৮নং কান্দিগাঁও ইউপি চেয়ারম্যান বলেন, মোল্লারগাঁও রাস্তা কাজ আংশিক বাকি আছে । এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের প্রস্তাব করেন ।<br>৭নং মোগলগাঁও ইউপি চেয়ারম্যান মৌলভীরগাঁও-খালপাড়, লামাকাজী-বাদাঘাট রাস্তা জরুরী ভিত্তিতে সংস্কারের প্রস্তাব করেন।<br>৪নং খাদিমপাড়া ইউপি চেয়ারম্যান অতিবৃষ্টির কারনে ক্ষতিগ্রস্থ রাস্তা জরুরী ভিত্তিতে সংস্কারের প্রস্তাব করেন ।তিনি অবৈধ ভাবে দখলকৃত ছড়া উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাতরুমে গ্রিজার, বেসিন, বাতরুমের দরজা ক্রয় বাবদ-২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ি সংস্কার মেরামত খাত হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৩) সম্প্রতি অতিরিক্ত বৃষ্টিপাতে ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো দ্রুত সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে । | উপজেলা চেয়ারম্যান /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| | ৬নং টুকেরবাজার ইউপি চেয়ারম্যান উপরপাড়া এলাকার নিচু জায়গায় পানি জমার কারণে রাস্তা ক্ষতি হচ্ছে তাই তিনি সেখানে একটি কালবার্ট নির্মাণের প্রস্তাব করেন ।<br>আলোচনাকালে উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাতরুমে গ্রিজার, বেসিন, বাতরুমের দরজা ক্রয় বাবদ-২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন অদ্য সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন । | | |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান ৮-১৪ অক্টোবর ৫-১৬ বছর বয়সের ছাত্র/ছাত্রীদের কৃমি নাশক ট্যাবলেট খাওয়ানো হবে সেই সাথে কৃমিনাশক সপ্তাহ পালন করা হবে ।তিনি আরোও জানান, জাঙ্গাইল কমিউনিটি ক্লিনিক থেকে চুরি করে পানির মটর ও সোলার প্যানেল নিয়ে গেছে । এ বিষয়ে থানায় জিডি করা হয়েছে । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) কৃমিনাশক সপ্তাহ সহ যেকোন সরকারি অনুষ্ঠানে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার কে অবগত করতে হবে ।<br>১.৩) কমিউনিটি ক্লিনিকে নিরাপত্তা প্রহরী নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল। |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি সবাইকে অগ্রীম শারদীয় শুভেচ্ছা জ্ঞাপন করেন । তিনি জানান জানুয়ারি-২০২৪ মাসের ১ম তারিখে সারাদেশে একযোগে বই বিতরণ করা হবে । তিনি আবারও উপজেলা পরিষদের অভ্যান্তরে একটি বই রাখা জন্য গো ডাউন নির্মাণের প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) প্রাথমিক ও মাধ্যমিকের বই রাখার জন্য গো ডাউন নির্মাণের বিষয়ে উপজেলা প্রকৌশলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন । | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান, ২০২৪ সালে সকল প্রাথমিক বিদ্যালয়ের বইয়ের চাহিদা অনলাইনে দাখিলের শেষ তারিখ ৩১ শে অক্টোবর-২০২৩ । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি জানান, গত ০৭ অক্টোবর -২০২৩ তারিখের অতিরিক্ত বৃষ্টিপাতে অনেক ক্ষয়ক্ষতি হয়েছে, অনেক ঘর ভেঙ্গে গেছে, কিছু কিছু এলাকায় পাহাড় ধ্বসের আশংঙ্খা রয়েছে ।তিনি ভূমিধ্বস প্রবন এলাকার লোকজনকে সড়িয়ে নিতে আইনশৃঙ্খলা বাহিনী সহ সকল ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন । তিনি আরোও জানানা টি,আর কাবিকা প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে, প্রি ওয়ার্ক কার্যক্রম চলছে, আগামী সপ্তাহে কাজ শুরু করা যাবে । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে ।<br>১.২)ভূমিধ্বসের তথ্য সংগ্রহ করতে হবে এবং পাহাড়ে বসবাসকারদের নিরাপদ আশ্রয়ে নিয়ে যেতে হবে, প্রয়োজনে আইনশৃঙ্খলা বাহিনীর সহযোগিতা নিতে হবে।<br>১.৩) দ্রুত টিআর, কাবিকা প্রকল্পে কাজ শুরু করতে হবে । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি সাম্প্রতিক অতিবৃষ্টিতে সবজি চাষে ক্ষতির পরিমান উপস্থাপন করেন ।তিনি উপজেলা কৃষি অফিসের নিরাপদ পানির সমস্যা সমাধানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় একটি গভীর নলকূপ স্থাপনের প্রস্তাব করেন ।তিনি আরোও জানান, সিলেট কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় রবি মৌসুমে বিভিন্ন ফসলের ২৫০ টি প্রদর্শনী বাস্তবায়ন করা হবে ।তিনি জিলকার হাওড়ে কৃষি যন্ত্রপাতি যাতায়াতের জন্য একটি ব্রিজ নির্মাণের এবং পিঠাকড়া হাওড়ে সুইচগেইট নির্মাণের প্রস্তাব করেন । | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) উপজেলা কৃষি অফিসে নিরাপদ পানি সরবরাহের জন্য একটি গভীর নলকূপ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন । | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়ন মৎস কর্মকর্তা সিলেট সদর, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| | ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করতে আগামী ১২ অক্টোবর থেকে ২ নভেম্বর পর্যন্ত ইলিশ ধরা নিষিদ্ধ এই ২২ দিন দেশে ইলিশ আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয়, মজুত ও বিনিময় নিষিদ্ধ থাকবে। উপজেলা মৎস অফিসের আওতায় শীঘ্রই মুক্তা চাষ বিষয়ক প্রশিক্ষন আয়োজন করা হবে। | | সদর, সিলেট । |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | সভার শুরুতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এছাড়া সিলেট সদর উপজেলার সকল ছাগল/ভেড়া গুলোকে একসাথে পিপিআর ভ্যাকসিন প্রদান করা হয়েছে । তিনি জানান আগামীকাল বিশ্ব ডিম দিবস পালন করা হবে সবাইকে উপস্থিত থাকার অনুরোধ জানান । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় জানান আগামী ০৯ডিসেম্বর অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী, শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী, সফল জননী নারী, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী, সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী ক্যাটাগরীতে জয়িতা পুরস্কার প্রদান করা হবে । তিনি সদর উপজেলা হতে জয়িতাদের নাম দাখিলের প্রস্তাব করেন। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট । |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । তিনি জানান, বিশ্ব হাত ধোয়া দিবস জেলা সাথে পালন করা হবে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে । | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | বিট কর্মকর্তা, খাদিমনগর বন বিট, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।তিনি জানান সিলেট সদর উপজেলা যুব উন্নয়ন অফিসের আওতায় ১ ব্যাচ প্রশিক্ষণ আয়োজন করা হবে। যাদের ৭-৮টি গরু আছে এবং বায়োগ্যাস প্লান্ট বিষয়ক প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী সেরকম ২০ জন ব্যক্তির নাম প্রদানের প্রস্তাব করেন । উল্লেখ্য যে সেসকল ব্যক্তিদের ঋণ প্রদান করা হবে । তিনি তাঁহার অফিসে পানিতে ময়লা ও আয়রনের সমস্যা সমাধানের প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং যাদের ৭-৮টি গরু আছে এবং বায়োগ্যাস প্লান্ট বিষয়ক প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী সেরকম ২০ জন ব্যক্তির নাম প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে । | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |

| | | | |
|---|---|---|---|
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | চলতি মাসে কোন কমিটির সুপারিশ না থাকায় এ বিষয়ে কোন আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | উপজেলা পরিষদের ১৭ টি কমিটির নিয়মিত দ্বি মাসিক সভা আহবান করার সিদ্ধান্তগৃহীতহয়\| | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট। |
| ৪।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন সার্কুলার, প্রজ্ঞাপন বিধি অগ্রগতি না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৫।মাননীয় উপদেষ্টার পরামর্শে | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | |
| ৬। নিয়মিত রাজস্ব ব্যয় | চলতি মাসে কোন অনিয়মিত রাজস্ব ব্যয় নাই। | ১.১। সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত বিল অনুমোদিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক সিলেট সদর উপজেলার ৮নং কান্দিগাঁও ইউপিস্থ চামাউড়াকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ ও উক্ত স্কুলে ডেস্ক বেঞ্চ প্রদানের অনুমোদন পাওয়া গেছে শীঘ্রই দরপত্র আহবান করা হবে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উ জেলা প্রকৌশলী, ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ০৯। বিবিধ | বিবিধ-১:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর সিলেট সদর উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যান্তরিন অফিসের ছাদে ঘাস, লতাপাতা ও অফিসের চারপাশে ময়লা আবর্জনা দেখা যাচ্ছে।এতে ভবনের ছাদ নষ্ট হচ্ছে এবং ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব বাড়ার সম্ভাবনা দেখা দিচ্ছে। তিনি পরিষদে অবস্থিত সকল দপ্তর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার এবং সকল দপ্তরে ডাস্টবিন রাখার প্রস্তাব উপস্থাপন করেন।<br>বিবিধ-২:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের ও বাসভবনের গাছপালার পাতা পড়ে ভবনের ছাদ নষ্ট হচ্ছে এছাড়া সামনে শীত কাল গাছের ছায়ার কারণে রোদ কম পড়ে।তিনি কিছু কিছু গাছের ডালপালা ছাটাইয়ের প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১)সভায় উপজেলা পরিষদে অবস্থিত সকল দপ্তর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার এবং সকল দপ্তরে ডাস্টবিন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের অভ্যান্তরিন কিছু গাছের ডালপাল ছাটাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয় এবং যাবতীয় ব্যয় পরিষ্কার পরিচ্ছন্নতা খাতে হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আশফাক আহমদ
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯.৫৯ (৫০)

তারিখ: ২৬/ ১০/ ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা প্রশাসক, সিলেট।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৭। উপজেলা ------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৮। চেয়ারম্যান,----------------------- -------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৯। জনাব/বেগম,-------------------সিলেট সদর, সিলেট।
১০। অফিস নথি।

২৬/১০/২৩
নাছরীন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । |
| ০২) | মিজ্ মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৫) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৬) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৭) | জনাব হিরন মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৮) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৯) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১০) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ১১) | জনাব দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১২) | ডা: আনিসুল ইসলাম | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৩) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট । |
| ১৪) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৫) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ১৬) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৭) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৮) | জনাব মো: আফিল উদ্দিন | সহকারী উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৯) | জনাব আব্দুল্লাহ আল মামুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ২০) | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২১) | জনাব লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ২২) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২৩) | জনাব অঞ্জন কুমার দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । |
| ২৪) | মিজ্ শারমিন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট । |
| ২৫) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট । |
| ২৬) | মিজ্ রাইমা বেগম এনি | প্রতিনিধি, তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | মিজ্ ফারজানা সিরাজ সুমি | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লীপ,বিআরডিবি সিলেট সদর, সিলেট । |
| ০২) | জনাব জহিরুল ইসলাম | বিট কর্মকর্তা, খাদিমনগর বিট, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ০৫) | জনাব সাজিম মিয়া | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সদর, সিলেট । |

সিলেট সদর উপজেলা পরিষদের ৫৪ তম মাসিক সাধারণ সভায় উপস্থিতি স্বাক্ষর:- জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়। ১২/১০/২০২৩

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ২ | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট | |
| ৩ | মো: মস্তাক আহমদ | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৪ | রফিকুজ্জামান | চেয়ারম্যান ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৫ | দিলোয়ার হোসেন | চেয়ারম্যান ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৬ | বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান ৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৭ | শফিকুর রহমান | চেয়ারম্যান ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৮ | হিরণ মিয়া | চেয়ারম্যান ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৯ | মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ১০ | | সংরক্ষিত মহিলা সদস্য আসন-২, সিলেট সদর, সিলেট। | |
| ১১ | | সংরক্ষিত মহিলা সদস্য আসন-৩, সিলেট সদর, সিলেট। | |
| ১২ | অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। | |
| ১৩ | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৪ | দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৫ | আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৬ | ডা: আহমদ সিরাজুম মুনীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৭ | শামছুন্নাহার | প্রোগাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। | |
| ১৮ | মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৯ | মো:হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। | |
| ২০ | অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২১ | মো: আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২২ | নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৩ | আব্দুল্লাহ আল মামুন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৪ | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৫ | মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। | |
| ২৬ | মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৭ | অঞ্জন কুমার দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। | |
| ২৮ | শারমীন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। | |
| ২৯ | মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। | |
| ৩০ | মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ৩১ | মিজ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ৩২ | সাজিদ মিয়া | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সিলেট সদর, সিলেট। | |